**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

***গভর্নর নিউ ইয়র্কবাসীদের COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য সরঞ্জামগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা***

***19 নভেম্বর থেকে 21 নভেম্বর পর্যন্ত স্টেট ব্যাপী 67 জনের মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ কোভিড-19 এর সাথে লড়াই করার ক্ষেত্রে স্টেটের অগ্রগতি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের আপডেট দিয়েছেন।

"এই থ্যাংকসগিভিং ছুটির মৌসুমে ফুসফুসের সংক্রামক রোগগুলি আমাদের স্টেটে সংক্রমিত হওয়াতে, আমি নিউ ইয়র্কবাসীদের প্রতি নিজেদেরকে ও তাদের কমিউনিটিতে তাদের প্রিয়জনদেরকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য সতর্ক থাকতে এবং লভ্য সব হাতিয়ার ব্যবহার করতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকুন, এবং সমাবেশ বা ভ্রমণ করার আগে পরীক্ষা করুন। যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

দেশজুড়ে সংক্রমণ বৃদ্ধি পাওয়া অব্যাহত থাকার এই সময়ে, গভর্নর ক্যাথি হোকল গতকাল এই ছুটির মৌসুমে অল্পবয়সী শিশু, প্রবীণ ব্যক্তি এবং শ্বাস-প্রশ্বাসজনিত রোগের জন্য দায়ী ভাইরাস যেমন RSV (Respiratory Syncytial Virus), ইনফ্লুয়েঞ্জা ও কোভিড-19 দ্বারা আক্রান্ত হওয়ার ফলে সৃষ্ট স্বাস্থ্য সমস্যা থাকা ব্যক্তিদের সুরক্ষিত রাখার জন্য সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন। ইনফ্লুয়েঞ্জা খুব দ্রুত ছড়াচ্ছে, গত তিন সপ্তাহে ল্যাবরেটরির তরফ থেকে নিশ্চিত করা ফ্লু কেসের সংখ্যা প্রায় তিনগুণে উন্নীত হয়েছে, অন্যদিকে হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা দ্বিগুণের বেশিতে উন্নীত হয়েছে।

এই মাসের শুরুতে, গভর্নর হোকল একটি জনসচেতনতামূলক প্রচারাভিযান চালু করেছেন যেখানে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট তিনটি ভাইরাস সম্পর্কে নিউ

ইয়র্কবাসীদের সাথে সরাসরি কথা বলছেন - যেগুলো এখন অনুরূপ লক্ষণসহ স্টেটে ছড়িয়ে পড়ছে এবং গুরুতর অসুস্থতার কারণ ঘটানোর সম্ভাবনা রয়েছে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ এর তৈরি করা এসব ভিডিওতে একটি ছোট ক্লিপ এবং একটি দীর্ঘ সংস্করণ রয়েছে যা পিতামাতাদের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে; এবং একটি সংস্করণ বিশেষভাবে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে।

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে মনে করিয়ে দেয়া অব্যাহত রেখেছেন যে 5 বছর বা তার বেশি বয়সী শিশুরা এখন বাইভালেন্ট বুস্টার শট নিতে পারে যেগুলি কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষা বাড়ানোর জন্য সুপারিশ করা হয়।

গভর্নর নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বাইভালেন্ট COVID-19 টিকার বুস্টার নেওয়ার জন্যেও আহ্বান জানান। বুস্টারের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইট ভিজিট করুন; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন।

সেইসাথে, নিউ ইয়র্ক জুড়ে ফ্লু-এর মৌসুম ছড়িয়ে পড়ার সাথে সাথে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বার্ষিক ফ্লু-এর টিকা নিতে উৎসাহিত করছেন। ফ্লু ভাইরাস এবং কোভিড-19 ভাইরাস বর্তমানে একই সাথে ছড়াচ্ছে, তাই সুস্থ থাকার সেরা উপায় হল টিকা নেওয়া যার ফলে স্বাস্থ্যসেবা ব্যবস্থার উপর চাপ কমবে।

স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ তাদের বার্ষিক পাবলিক এডুকেশন ক্যাম্পেইন অব্যাহত রেখেছে, যা প্রাপ্তবয়স্কদের এবং পিতামাতাদের নিজেদের জন্য এবং 6 মাস বা তার বেশি বয়সী শিশুদের জন্য ফ্লু ও কোভিড-19 টিকা নেওয়ার কথা মনে করিয়ে দেয়। ইংরেজি এবং স্প্যানিশ উভয় ভাষায় বিজ্ঞাপন গত মাসে চালু হয়েছে।

ফ্লু-এর টিকা গ্রহণের ক্লিনিকগুলো সম্পর্কে তথ্যের জন্য, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন অথবা vaccines.gov/find-vaccines/ ওয়েবসাইট ভিজিট করুন।

আজকের ডাটা সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

1. **প্রতি 100 হাজারে কেসের সংখ্যা** - 15.18
2. **প্রতি 100 হাজারে 7 দিনের গড় কেস সংখ্যা** - 18.88
3. **যতগুলি পরীক্ষার ফলাফল জানানো হয়েছে** - 38,418
4. **মোট পজিটিভ** - 2,967
5. **পজিটিভের শতকরা হার** - 6.88%**
6. **7-দিনে পজিটিভের গড় শতকরা হার** - 5.87%**
7. **হাসপাতালে ভর্তি হওয়া রোগী** - 2,919 (+275)
8. **নতুন ভর্তি হওয়া রোগী** - 1045*

9. **ICU-তে রোগী ভর্তি** - 287 (+33)
10. **ICU-তে ইনটিউবেশনসহ রোগী** - 101 (+8)
11. **মোট ডিসচার্জ** - 364,414 (+692)*
12. **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্ট করা নতুন মৃত্যু** - 67*
13. **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু** - 59,288*

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়। হেলথ ইলেক্ট্রনিক রেসপন্স ডাটা সিস্টেম (Health Electronic Response Data System) হলো NYS DOH-এর ডাটা সংগ্রহের একটি উৎস যা শুধু হাসপাতাল, নার্সিং হোম ও প্রাপ্তবয়স্কদের পরিচর্যা কেন্দ্রগুলো থেকে রিপোর্টকৃত দৈনিক সুনিশ্চিত মৃত্যুর ডাটা সংগ্রহ করে।

**গুরুত্বপূর্ণ টীকা:** সোমবার, 4 এপ্রিল থেকে ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (HHS) কোভিড-19 র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা পদ্ধতি ব্যবহার করছে এমন পরীক্ষা কেন্দ্রগুলোর জন্য নেগেটিভ ফলাফল সম্পর্কে রিপোর্ট করার বাধ্যবাধকতা তুলে নেওয়ার বিষয়টি কার্যকর করেছে। এর ফলে, নিউ ইয়র্ক স্টেটের শতকরা পজিটিভ ফলাফলের মেট্রিক্স শুধু ল্যাবের রিপোর্ট করা PCR ফলাফলগুলো ব্যবহার করে হিসেব করা হবে। ইতিবাচক অ্যান্টিজেন পরীক্ষা তাও নিউ ইয়র্ক স্টেটকে রিপোর্ট করা হবে এবং নতুন দৈনিক কেস এবং প্রতি 100 হাজার কেসের রিপোর্টে PCR এবং অ্যান্টিজেন পরীক্ষাগুলি অন্তর্ভুক্ত করা অব্যাহত রাখা হবে। এই পরিবর্তন এবং পরীক্ষা করার রীতি পরিবর্তন হওয়া সহ অন্যান্য বিষয়ের কারণে, কোনো কমিউনিটির উপর ভাইরাসের প্রভাব পরিমাপের জন্য সবচেয়ে নির্ভরযোগ্য মেট্রিক হলো প্রতি 100,000 এর মধ্যে কেসের সংখ্যার ডাটা - শতকরা পজিটিভ ফলাফল নয়।

- **CDC-এর মাধ্যমে রিপোর্টকৃত ও সংকলিত মোট মৃত্যু** - 75,642

NYS DOH ও NYC দ্বারা CDC-এর কাছে রিপোর্টকৃত এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ যেকোনো স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

প্রতি 100K জনসংখ্যার প্রতিটি অঞ্চলের 7-দিনের কেসের গড় নিম্নরূপ:

| **অঞ্চল** | **শনিবার, 19 নভেম্বর, 2022** | **রবিবার, 20 নভেম্বর, 2022** | **সোমবার, 21 নভেম্বর, 2022** |
|---|---|---|---|
| Capital Region | 9.02 | 8.91 | 9.07 |
| Central New York | 7.57 | 7.83 | 7.90 |

| | | | |
|---|---|---|---|
| Finger Lakes | 9.57 | 9.35 | 9.45 |
| Long Island | 23.76 | 24.31 | 24.31 |
| Mid-Hudson | 18.24 | 18.21 | 17.65 |
| Mohawk Valley | 8.86 | 8.92 | 8.71 |
| New York City | 24.63 | 24.69 | 24.65 |
| North Country | 8.83 | 8.39 | 7.67 |
| Southern Tier | 12.52 | 12.43 | 12.10 |
| Western New York | 7.75 | 7.28 | 6.92 |
| **স্টেট ব্যাপী** | **18.96** | **19.00** | **18.88** |

গত তিন দিনে রিপোর্ট করা প্রত্যেক অঞ্চলের 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে**:

| **অঞ্চল** | **শনিবার, 19 নভেম্বর, 2022** | **রবিবার, 20 নভেম্বর, 2022** | **সোমবার, 21 নভেম্বর, 2022** |
|---|---|---|---|
| Capital Region | 4.83% | 4.78% | 4.80% |
| Central New York | 3.50% | 3.63% | 3.71% |
| Finger Lakes | 4.37% | 4.28% | 4.29% |
| Long Island | 6.10% | 6.16% | 6.21% |
| Mid-Hudson | 6.13% | 6.07% | 5.96% |
| Mohawk Valley | 4.36% | 4.34% | 4.29% |
| New York City | 6.32% | 6.33% | 6.34% |
| North Country | 4.46% | 4.47% | 4.32% |
| Southern Tier | 5.46% | 5.38% | 4.92% |
| Western New York | 5.26% | 5.21% | 5.07% |
| **স্টেট ব্যাপী** | **5.88%** | **5.88%** | **5.87%** |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Department of Health and Human Services, HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গত তিন দিনে রিপোর্ট করা প্রতিটি নিউ ইয়র্ক সিটি বরোর 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে **:

| NYC এর বরো | শনিবার, 19 নভেম্বর, 2022 | রবিবার, 20 নভেম্বর, 2022 | সোমবার, 21 নভেম্বর, 2022 |
|---|---|---|---|
| Bronx | 7.07% | 7.06% | 6.99% |
| Kings | 5.71% | 5.77% | 5.82% |
| New York | 6.26% | 6.28% | 6.31% |
| Queens | 7.00% | 6.95% | 7.01% |
| Richmond | 5.12% | 4.98% | 4.82% |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গতকাল নিউ ইয়র্ক স্টেটে 2,967 জন নিউ ইয়র্কবাসী কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন, যা মোট আক্রান্তের সংখ্যাকে 6,246,997 জনে উন্নীত করেছে। একটি ভৌগলিক বিশ্লেষণ নিম্নরূপ:

| কাউন্টি | মোট পজিটিভ | নতুন পজিটিভ |
|---|---|---|
| Albany | 75,423 | 18 |
| Allegany | 10,394 | 2 |
| Broome | 56,211 | 4 |
| Cattaraugus | 18,643 | - |
| Cayuga | 19,630 | 7 |
| Chautauqua | 28,386 | 5 |
| Chemung | 25,728 | 19 |
| Chenango | 11,382 | - |
| Clinton | 21,488 | 1 |
| Columbia | 13,099 | 7 |
| Cortland | 12,834 | 3 |
| Delaware | 9,684 | - |
| Dutchess | 79,825 | 21 |
| Erie | 258,984 | 46 |
| Essex | 7,333 | 1 |
| Franklin | 11,660 | - |

| | | |
|---|---|---|
| Fulton | 15,929 | 2 |
| Genesee | 16,026 | 2 |
| Greene | 10,408 | 5 |
| Hamilton | 1,052 | - |
| Herkimer | 16,853 | 2 |
| Jefferson | 25,635 | 8 |
| Lewis | 7,067 | - |
| Livingston | 13,870 | 2 |
| Madison | 16,231 | 1 |
| Monroe | 184,247 | 48 |
| Montgomery | 14,480 | 6 |
| Nassau | 515,080 | 299 |
| Niagara | 57,560 | 13 |
| NYC | 2,906,630 | 1,728 |
| Oneida | 66,439 | 10 |
| Onondaga | 137,678 | 31 |
| Ontario | 24,997 | 10 |
| Orange | 131,072 | 46 |
| Orleans | 10,146 | 4 |
| Oswego | 33,233 | 8 |
| Otsego | 12,725 | 4 |
| Putnam | 29,665 | 20 |
| Rensselaer | 40,115 | 7 |
| Rockland | 112,104 | 54 |
| Saratoga | 58,993 | 22 |
| Schenectady | 41,877 | 9 |
| Schoharie | 6,312 | 1 |
| Schuyler | 4,209 | - |
| Seneca | 7,333 | 4 |
| St. Lawrence | 25,510 | 2 |
| Steuben | 24,381 | 11 |
| Suffolk | 532,169 | 260 |
| Sullivan | 23,194 | 6 |
| Tioga | 13,518 | 4 |
| Tompkins | 25,489 | 16 |
| Ulster | 40,722 | 10 |
| Warren | 18,001 | 6 |
| Washington | 15,048 | 5 |

| | | |
|---|---|---|
| Wayne | 21,004 | - |
| Westchester | 315,332 | 163 |
| Wyoming | 9,678 | 3 |
| Yates | 4,281 | 1 |

নিচের তথ্য হাসপাতালে ভর্তি রোগীদের মধ্যে কোভিড-19 এর পরীক্ষায় পজিটিভ হওয়া রোগীদের মধ্যে কতজন কোভিড-19/কোভিড-19 সংক্রান্ত জটিলতার কারণে হাসপাতালে ভরি হয়েছেন এবং কতজন কোভিড-19 ব্যতীত অন্য কারণে ভর্তি হয়েছেন তাদের সংখ্যা প্রকাশ করে:

| **অঞ্চল** | **বর্তমানে হাসপাতালে ভর্তি কোভিড-19 রোগীর সংখ্যা** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি রোগীর শতাংশ** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না তাদের শতাংশ** |
|---|---|---|---|---|---|
| Capital Region | 124 | 84 | 67.7% | 40 | 32.3% |
| Central New York | 78 | 38 | 48.7% | 40 | 51.3% |
| Finger Lakes | 285 | 85 | 29.8% | 200 | 70.2% |
| Long Island | 510 | 229 | 44.9% | 281 | 55.1% |
| Mid-Hudson | 289 | 120 | 41.5% | 169 | 58.5% |
| Mohawk Valley | 30 | 15 | 50.0% | 15 | 50.0% |
| New York City | 1,341 | 525 | 39.1% | 816 | 60.9% |
| North Country | 50 | 27 | 54.0% | 23 | 46.0% |
| Southern Tier | 74 | 23 | 31.1% | 51 | 68.9% |
| Western New York | 138 | 46 | 33.3% | 92 | 66.7% |
| **স্টেট ব্যাপী** | **2,919** | **1,192** | **40.8%** | **1,727** | **59.2%** |

ওমিক্রন ভ্যারিয়েন্ট বর্তমানে সংক্রমণরত ভাইরাসের 95% এর প্রতিনিধিত্ব করে। ভ্যারিয়েন্ট ট্র্যাকিং সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ভিজিট করুন: কোভিড-19 ভ্যারিয়েন্ট সংক্রান্ত ডাটা | স্বাস্থ্য দপ্তর (Department of Health (ny.gov)।

শনিবার, 19 নভেম্বর থেকে সোমবার, 21 নভেম্বর পর্যন্ত, কোভিড-19 এর কারণে নতুন মোট 67টি মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে, যা মোট মৃত্যুর সংখ্যাকে 59,288 জনে উন্নীত করেছে। বসবাসের কাউন্টি অনুসারে, নিচে ভৌগলিক ভিত্তিতে ভেঙে দেখানো হয়েছে:

| **কাউন্টি** | **নতুন মৃত্যু** |
|---|---:|
| Bronx | 5 |
| Broome | 2 |
| Chautauqua | 1 |
| Clinton | 2 |
| Erie | 1 |
| Kings | 13 |
| Madison | 1 |
| Monroe | 6 |
| Nassau | 6 |
| New York | 4 |
| Niagara | 2 |
| Ontario | 1 |
| Orange | 1 |
| Otsego | 1 |
| Queens | 11 |
| Rensselaer | 1 |
| Saratoga | 1 |
| Schenectady | 1 |
| Suffolk | 3 |
| Sullivan | 1 |
| Warren | 1 |
| Westchester | 2 |
| **সর্বমোট** | **67** |

*গুরুত্বপূর্ণ টিকা: সপ্তাহান্তের কারণে স্বাস্থ্য পরিচর্যা ফেসিলিটিগুলি থেকে HERDS এর তথ্য সংগ্রহ বিরত করা হয়েছিল এবং আবার শুরু করা হয় 11/21/2022 তারিখে। যেখানে উল্লেখ করা হয়েছে, মোট সংখ্যার মধ্যে 11/19/2022-11/21/2022 পর্যন্ত তিন দিনের ক্রমবর্ধমান ডাটা অন্তর্ভুক্ত রয়েছে। এর ফলে, কিছু তথ্য সাম্প্রতিক প্রবণতার থেকে বেশি দেখা যেতে পারে। প্রভাবিত ডেটা একটি তারকা দ্বারা চিহ্নিত।*

যেসব নিউ ইয়র্কবাসী 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ,

ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, বা যেসব ফার্মেসি এই বয়সদলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে পিতামাতা ও অভিভাবকরা vaccines.gov ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। নিশ্চিত করুন যে প্রোভাইডার ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়স দলের জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।

বিশেষভাবে এই বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও তথ্যসূত্রের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418